

## দোয়া ফারাজ

আল্লামা কাফআমী তাঁর ‘বালাদুল আমিন’ বইতে বলেন যে, যদি কেউ অন্যায়ভাবে বন্দী হয় ও এই দোয়া পাঠ করে তাহলে সে শীঘ্রই মুক্তি পাবে। যদি কোনো ব্যক্তি কঠিন বিপদ বা ষড়যন্ত্রের শিকার হয় সে যেন অবশ্যই এই দোয়া পাঠ করে। এই দোয়াটি ইমাম মাহদী (আঃ) এর সাথে সংশ্লিষ্ট। এই দোয়া পাঠ করলে ইমাম (আঃ)-এর পক্ষ থেকে দ্রুত সাহায্য আসে। এই দোয়াটি হযরত ইমাম মাহদী (আঃ) এক লোককে শিখিয়ে ছিলেন; সে লোকটি বন্দী ছিল এবং এ দোয়া পাঠ করে সে মুক্তি পেয়ে যায়। তাই ইমামে জামানা (আঃ) এর আসার পথে বিভিন্ন বাধা বিপত্তি দূর করা এবং দ্রুত আবির্ভাবের জন্য এই দোয়াটি পাঠ করা হয়। মরহুম শেখ আব্বাস কুমী (রহঃ)-এর ‘মাফাতিহুল জিনান’ গ্রন্থের ১৯২ পৃষ্ঠায় এই দোয়াটির গুরুত্ব ও মহত্ত্ব সম্পর্কে বর্ণিত হয়েছে।

### বিসমিললাহির রাহমানির রাহিম

অর্থঃ হে আল্লাহ, আমাদের বিপদ ভয়াবহ এবং দূরে সরে গেছে গোপনতা, পর্দাকে তুলে ফেলা হয়েছে এবং সব আশা নিঃশেষ হয়েছে এবং জমিন সংকুচিত হয়েছে, এবং আসমানী করুণা স্তব্ধ করা হয়েছে, কেবল আপনিই সাহায্য করতে পারেন আর আপনার কাছেই আমাদের সব অভাব অভিযোগ, এবং আপনার ওপর আমাদের গভীর বিশ্বাস আছে - বিপদের মধ্যে যেমন, তেমনি সুদিনে, হে আল্লাহ, আপনি সালাম বর্ষণ করুন মুহাম্মাদ ও মুহাম্মাদের বংশধরদের ওপর, তাই ‘উলিল আমর’ (নেতা) যাদের আনুগত্য আমাদের ওপর ফরয করেছেন, এবং তদ্বারা আমাদেরকে তাঁদের উচ্চ মর্যাদার সাথে পরিচিত করেছেন, সুতরাং, আমাদেরকে মুক্তির স্বাদ দান করুন তাঁদের সম্মানের ওসীলায়, দ্রুত ও নিকটতম সময়ে মুক্তি; যেন চোখের পলকে, কিম্বা তার চেয়েও দ্রুত, হে মুহাম্মাদ হে আলী; হে আলী হে মুহাম্মাদ, আপনারা আমাদের জন্য যথেষ্ট হোন, কেননা, নিশ্চয় আপনারা (দু’জন) যথেষ্ট, আর আমাদেরকে সাহায্য করুন, কেননা, আপনারা নিশ্চয় (দু’জন) সাহায্যকারী হে আমাদের মাওলা, হে জামানার অভিভাবক, হে সাহায্যের আবেদনে সাড়া দানকারী, হে সাহায্যের আবেদনে সাড়া দানকারী, হে সাহায্যের আবেদনে সাড়া দানকারী, আমাকে সাহায্য করুন, আমাকে সাহায্য করুন, আমাকে সাহায্য করুন, এখনই, এখনই, এখনই, খুবই দ্রুত, খুবই দ্রুত, খুবই দ্রুত, হে দয়ালুদের মধ্যে শ্রেষ্ঠ দয়ালু! মুহাম্মাদ ও তাঁর পবিত্র বংশধরদের সম্মানের ওসীলায়।